

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
দাখিল ও এবতেদায়ী মাদ্রাসা শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড,
ঢাকা-১০০০।
www.dme.gov.bd



নম্বর: ৫৭.২৫.০০০০..০০৪.০৩.০৫২.১৭.১০৯৬

তারিখ: ১০ কার্তিক ১৪২৮

২৬ অক্টোবর ২০২১

অফিস আদেশ

পটুয়াখালী জেলার বাউফল উপজেলাধীন পূর্ব চাঁদকাঠী ডি. এস. দাখিল মাদ্রাসার কর্মরত জনাব আব্দুস ছাত্তার (ইনডেক্স নং- B352030) এর এমপিও শিটে নিম্নরূপ সংশোধনের জন্য জেলা শিক্ষা অফিসার, পটুয়াখালী এর ০২/১১/২০২০ খ্রি. তারিখের জেশিঅ/পটু/৭১১ নং স্মারকে প্রেরিত অগ্রায়নপত্রসহ আবেদনকারীর অন্যান্য কাগজপত্র এ কার্যালয়ে দাখিল করেছেন।

ক্রমিক নং	নাম, ইনডেক্স, পদবী, বিষয় ও প্রতিষ্ঠানের ঠিকানা	এমপিও শীটে বিদ্যমান ইনডেক্স নম্বর	আবেদনকারীর চাহিত ইনডেক্স নম্বর
০১	জনাব আব্দুস ছাত্তার (ইনডেক্স নং-B352030), পূর্ব চাঁদকাঠী ডি. এস. দাখিল মাদ্রাসা, বাউফল, পটুয়াখালী	B352030	B362030

২। আবেদনটি যাচাই পূর্বক সুনির্দিষ্ট মতামতসহ তদন্ত প্রতিবেদন আগামী ০৭ (সাত) দিনের মধ্যে দাখিলের জন্য নির্দেশক্রমে নিম্নোক্ত কমিটি গঠন করা হলো:

১. জনাব মোঃ আফাজ উদ্দীন, সহকারী পরিচালক (সরকারি ও সিনিয়র মাদ্রাসা), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর-আহবায়ক
২. জনাব মোসাম্মৎ ফেরদৌসী আলম, পরিদর্শক (সিলেট), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর-সদস্য
৩. জনাব মোহাম্মদ হোসাইন, পরিদর্শক (রংপুর), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর-সদস্য

বর্ণিত কমিটি নিম্নোক্ত প্রক্রিয়া অনুসরণক্রমে তদন্ত কার্য সম্পন্ন করবেন:

- (০১) প্রতিকার প্রার্থীর নিজস্ব স্বাক্ষরযুক্ত আবেদন যথাযথ আছে কি-না যাচাইপূর্বক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ করতে হবে।
- (০২) প্রতিষ্ঠান প্রধান/গভর্নিং বডি/ম্যানেজিং কমিটি/স্থানীয় কর্তৃপক্ষের সুপারিশসহ অগ্রায়ণ করা হয়েছে কি-না যাচাইপূর্বক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ করতে হবে।
- (০৩) SSC/দাখিল/জন্ম তারিখ সম্বলিত মূল সনদসহ শিক্ষা জীবনের সকল সনদের নম্বর উল্লেখসহ যাচাইপূর্বক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ করতে হবে।
- (০৪) NID যথাযথ যাচাই করতে হবে এবং প্রতিবেদনে NID নম্বর ও ইস্যুর তারিখ উল্লেখ করতে হবে।
- (০৫) প্রথম MPO শীটসহ জন্ম তারিখ সম্বলিত প্রথম ও সংশ্লিষ্ট MPO শীটসমূহ যাচাইপূর্বক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ করতে হবে।
- (০৬) প্রথম বেতন-বিলসহ নাম সম্বলিত প্রথম ও সংশ্লিষ্ট বেতন বিলসমূহ যাচাইপূর্বক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ করতে হবে।
- (০৭) চাকুরি জীবনে সকল প্রতিষ্ঠানে চাকুরী প্রাপ্তির আবেদন/সংশ্লিষ্ট সকল নিয়োগ পরীক্ষার ফলাফল শীট এবং অন্যান্য কাগজপত্রে নামের বিষয়টি যাচাইপূর্বক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ করতে হবে।
- (০৮) প্রথম চাকুরী কালীন সময়ে জনবল কাঠামো অনুযায়ী সংশ্লিষ্ট পদ/বিষয়/বেতন কোডে/বেতন স্কেলের প্রাপ্যতা এবং বর্তমানে দাবীকৃত পদ/বিষয়/কোডে/বেতন কোডে/বেতন স্কেলের প্রাপ্যতা যথাযথভাবে যাচাইপূর্বক মন্তব্য প্রাতবেদনে উল্লেখ করতে হবে।
- (০৯) প্রথম চাকুরিতে যোগদানের পর এমপিও পাওয়ার জন্য যথাযথ কর্তৃপক্ষ বরাবর নাম সম্বলিত দাখিলকৃত আবেদনের মূল কপি যাচাইপূর্বক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ করতে হবে।
- (১০) প্রয়োজনীয় ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংক শাখার যথাযথ প্রত্যয়ন/প্রতিবেদন/ননডয়াল যাচাইপূর্বক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ করতে হবে।
- (১১) নামের পরিবর্তন/সংশোধনের ক্ষেত্রে বর্তমান এবং দাবীকৃত নাম বাংলা এবং ইংরেজিতে যাচাইপূর্বক প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

(১২) সমস্যার কারণ কি এবং কবে থেকে উক্ত সমস্যা সৃষ্টি হয়েছে তা যাচাইপূর্বক প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

(১৩) প্রয়োজনে প্রতিকার প্রার্থী/সংশ্লিষ্টদের বক্তব্য গ্রহণ এবং প্রয়োজনীয় ডকুমেন্টস/তথ্যাদি গ্রহণ/যাচাইপূর্বক মতামত দিবেন।

(১৪) আবেদন মঞ্জুরের সুপারিশ করা হলে বকেয়া দাবি করবেন না মর্মে প্রতিকার প্রার্থীর অঙ্গীকারনামা যাচাইপূর্বক প্রতিবেদনে উল্লেখ করতে হবে এবং যে সকল ডকুমেন্টস এর ভিত্তিতে আবেদন মঞ্জুরের সুপারিশ করা হবে সে সকল ডকুমেন্টসে তদন্তকারী কর্মকর্তার নামযুক্ত সীল স্বাক্ষরসহ থাকতে হবে।

(১৫) ইনডেক্স নম্বর সংশোধনের আবেদন মঞ্জুরের সুপারিশ করা হলে যৌক্তিকতা, কারণ ও ব্যাখ্যাসহ প্রতিবেদনে উল্লেখ করতে হবে। আবেদন নামঞ্জুর হলেও কারণ উল্লেখ করতে হবে। তদন্তকারী কর্মকর্তা এতদসংক্রান্ত যাবতীয় আইন, বিধি, নীতিমালা, পরিপত্র এবং নির্দেশনাবলী যাচাই-বাছাইপূর্বক মতামত প্রদান করবেন।

সংযুক্তি: বর্ণনামতে (০৫) ফর্দ।

Uttarakhand

২৬-১০-২০২১

জান্নাতুন নাহার

সহকারী পরিচালক

নম্বর: ৫৭.২৫.০০০০..০০৪.০৩.০৫২.১৭.১০৯৬/১

তারিখ: ১০ কার্তিক ১৪২৮

২৬ অক্টোবর ২০২১

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা

হইল:

১) সচিবের একান্ত সচিব (উপসচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

২) উপ-পরিচালক (প্রশাসন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

৩) জনাব মোঃ আফাজ উদ্দীন, সহকারী পরিচালক (সরকারি ও সিনিয়র মাদ্রাসা), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

৪) জনাব মোসাম্মৎ ফেরদৌসী আলম, পরিদর্শক (সিলেট), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

৫) জনাব মোহাম্মদ হোসাইন, পরিদর্শক (রংপুর), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

৬) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাউফল, পটুয়াখালী।

৭) সভাপতি/সুপার/ জনাব আব্দুস ছাত্তার (ইনডেক্স নং-B352030), পূর্ব চাঁদকাঠী ডি. এস. দাখিল মাদ্রাসা, বাউফল, পটুয়াখালী।

৮) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

Uttarakhand

২৬-১০-২০২১

জান্নাতুন নাহার

সহকারী পরিচালক